



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১৫৭

তারিখ: ১৯/১০/২০২০খ্রি:

বিষয়: শিক্ষা কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আকস্মিক পরিদর্শন সংক্রান্ত জরুরি নির্দেশনা

সূত্র: ১. স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.০৩৩.২০২০-২০৩, তারিখ-২০/০৯/২০২০খ্রি:

২. স্মারক নং-৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.১৪০, তারিখ-২২/০৯/২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে চলমান করোনা মহামারী পরিস্থিতি পর্যালোচনা করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনলাইন ক্লাসসমূহ সচল রাখার নিমিত্তে মাঠ পর্যায়ের সকল শিক্ষা কর্মকর্তা বরাবর যে পত্র প্রেরণ করা হয়েছিল তাতে অঞ্চলসমূহের পরিচালক ও উপ-পরিচালক, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নির্ধারিত সভাসমূহ যথারীতি অনুষ্ঠিত হচ্ছে কি/না এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা অফিসসমূহ নিয়মিতভাবে পরিদর্শন করছেন কি/না তা নিশ্চিত করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন মাঠ পর্যায়ের সকলের জন্য অনুরোধ করা নিম্নরূপ-

- ১। প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানে বিষয়ভিত্তিক রুটিন মাসিক অনলাইন ক্লাস নিয়মিত হচ্ছে কি/না তা নিশ্চিত করবেন এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ পরিদর্শনকালে তা পর্যবেক্ষণ করবেন;
- ২। বর্ণিত পত্র মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন অঞ্চলসমূহের পরিচালক ও উপ-পরিচালক এর নেতৃত্বে অনুষ্ঠিত প্রতি মাসের নিয়মিত সভার রেজুলেশন এর কপি স্ব-স্ব অঞ্চলের প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করবেন;
- ৩। অঞ্চলসমূহের পরিচালক ও উপ-পরিচালক এর নেতৃত্বে অনুষ্ঠিত প্রতি মাসের নিয়মিত আঞ্চলিক সভার কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভা অনুষ্ঠিত হওয়ার ৪(চার) কার্যদিবসের মধ্যে বর্ণিত ই-মেইলের মাধ্যমে পরিচালক, মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৪। প্রতিষ্ঠান প্রধানগণ নির্ধারিত সভাসমূহ নিয়মিত করবেন এবং সে সভার রেজুলেশনের কপি আবশ্যিকভাবে প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন;
- ৫। দাপ্তরিক কাজে এবং যোগাযোগের সুবিধার্থে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ অফিস চলাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানের অফিস কক্ষ খোলা রাখা নিশ্চিত করবেন;

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ বর্ণিত দিক-নির্দেশনার আলোকে প্রমাপ অনুসারে সমন্বিত মনিটরিং পরিদর্শনার আওতায় বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার অনুযায়ী তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যালয়সমূহ করোনাকালীন পরিদর্শন তথ্য ছক অনুযায়ী নিয়মিতভাবে আকস্মিক পরিদর্শনপূর্বক সফট কপি director_mew_dshe@yahoo.com এ তথ্য পাঠানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১. আঞ্চলিক পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

২. উপ-পরিচালক, মাধ্যমিক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)


৩. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা)

৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা/থানা)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১৫৭

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
- ৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর [পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৬। প্রতিষ্ঠান প্রধান (সকল সরকারি ও বেসরকারি)
- ৭। পিএট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৮। সংরক্ষণ নথি।


19.10.2020

(প্রফেসর মো: আমির হোসেন)


পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

ফোন: ৯৫৫৫১৩০

তারিখ: ১৯/১০/২০২০খ্রি:


19.10.2020

(লাইলুন নাহার)

সহকারী পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

